




বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

www.bteb.gov.bd



স্মারক নং-৫৭.১৭.০০০০.২০৫.৩২.০০৫.২৬.১০১

তারিখ: ২৮/০৯/২০২৬ খ্রি.

ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন ফিসারিজ ও ডিপ্লোমা ইন লাইভস্টক শিক্ষাক্রমের শিক্ষার্থীদের বদলি সংক্রান্ত বিজ্ঞপ্তি।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত ০৪(চার) বছর মেয়াদী ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন ফিসারিজ ও ডিপ্লোমা ইন লাইভস্টক শিক্ষাক্রমের সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ৩য়, ৪র্থ ও ৬ষ্ঠ পর্বে অধ্যয়নরত (বর্তমানে অধ্যয়নরত) বদলী হতে ইচ্ছুক শিক্ষার্থীদের স্ব স্ব প্রতিষ্ঠানের অধ্যক্ষ বরাবর আবেদন করবে। ছাড়পত্র প্রদানকারী প্রতিষ্ঠান বদলি ইচ্ছুক শিক্ষার্থীদের নিকট প্রাপ্ত আবেদনপত্র নিম্নবর্ণিত বদলি সাধারণ নির্দেশিকার আলোকে যাচাই-বাছাই করে বদলি কার্যক্রম সংক্রান্ত তথ্য বর্ণিত সময়ের মধ্যে অনলাইনে প্রেরণ করবে। বোর্ডের ওয়েবসাইটে www.bteb.gov.bd ‘অনলাইনে তথ্য প্রেরণ/গ্রহণ’ ব্লকে ‘ডিপ্লোমা পর্যায়’ প্রবেশ করে (Diploma (Engg/Text/Agri/Fish/Live/Forest) Transfer Data Entry Link) অথবা সরাসরি এই http://180.211.162.102:8666/dip_transfer/index.php লিংক এ ক্লিক করে শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান হলো।

বদলির আবেদন, ফলাফল ও বোর্ডের তথ্যাদি জমা প্রদানের সময়সূচি:

শিক্ষার্থী কর্তৃক প্রতিষ্ঠান বরাবর আবেদনের তারিখ	প্রতিষ্ঠান কর্তৃক বোর্ডে অনলাইনে তথ্য প্রেরণের তারিখ	বোর্ড কর্তৃক ফলাফল প্রকাশ
৩০ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি. হতে ২৫ অক্টোবর, ২০২৬ খ্রি.	২৬ অক্টোবর, ২০২৬ খ্রি. হতে ০৪ নভেম্বর, ২০২৬ খ্রি.	পর্ব সমাপনী পরীক্ষার ফলাফল প্রকাশের পর বদলীর ফলাফল প্রকাশ করা হবে।

শিক্ষার্থী বদলীর সাধারণ নির্দেশিকা:

- ০১। আসন খালি থাকা ও বদলির সাধারণ নির্দেশিকার শর্তাবলী অনুসরণপূর্বক বদলি করা হবে।
- ০২। শিক্ষার্থী বদলির ক্ষেত্রে অবশ্যই কারিকুলাম ও প্রবিধানের মিল থাকতে হবে।
- ০৩। নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব প্রতিষ্ঠানের মাধ্যমে অনলাইনে আবেদন করতে পারবে।
- ০৪। এইচএসসি(বিজ্ঞান)/এইচএসসি (ভোকেশনাল) ও আলিম বিজ্ঞান(বিজ্ঞান) উত্তীর্ণ সরাসরি ৩য় পর্বে ভর্তিকৃত শিক্ষার্থীগণ বদলিতে ভর্তির আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে না।
- ০৫। অকৃতকার্য শিক্ষার্থীরা বদলির জন্য যোগ্য বলে বিবেচিত হবেনা।
- ০৬। কেবলমাত্র ৩য়, ৪র্থ ও ৬ষ্ঠ পর্বের শিক্ষার্থী নির্ধারিত তারিখের মধ্যে অনলাইনে বদলির আবেদন করতে পারবে।
- ০৭। আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে এবং প্রতিষ্ঠানকর্তৃক বোর্ডে প্রেরণ করতে হবে।
 - শিক্ষার্থীর আবেদনপত্র।
 - রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি।
 - সর্বশেষ পর্বের পরীক্ষার প্রবেশপত্র, নম্বরপত্রের/ফলাফলের সত্যায়িত ফটোকপি।

(ঘ) শিক্ষার্থী প্রতি বদলী ফি ৩২৫/- সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বরাবরে টাকা জমা প্রদানের রশিদ।

- ০৮। বেসরকারি প্রতিষ্ঠানের শিক্ষার্থী বদলির ক্ষেত্রে ০২ (দুই) প্রতিষ্ঠানের সম্মতিতে বর্তমানে অধ্যয়নরত প্রতিষ্ঠান হতে বোর্ড কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে নিজ প্রতিষ্ঠানের মাধ্যমে Log in করে বোর্ড কর্তৃক প্রদত্ত ছকে অনলাইনের মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে।
- ০৯। Online এ প্রাপ্ত আবেদন হতে মেধাক্রম অনুসারে শূন্য আসনের ভিত্তিতে বদলি করা হবে।
- ১০। প্রশাসনিক কারণে বদলিকৃত শিক্ষার্থী পূর্বের প্রতিষ্ঠানে বদলির জন্য আবেদন করতে পারবে না।

স্বাক্ষরিত
(প্রকৌশলী অনিমেষ পাল)
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৫৫০০৬৫২৩

স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০৫.৩২.০০৫.২৬.১০১(২০২)

তারিখ: ২৮/০৯/২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামার বাড়ি, ঢাকা।
- ৩। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
- ৪। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ৫-১৯৬। অধ্যক্ষ (সকল)।
- ১৯৭। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১৯৮। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ ও প্রদত্ত লিংক স্বংক্রিয় করার জন্য অনুরোধ করা হলো)
- ১৯৯। উপ-সচিব(রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২০০। সহকারি পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২০১। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২০২। সংশ্লিষ্ট নথি।


(কৃষিবিদ ড. মোঃ আব্দুল মালেক)
কারিকুলাম বিশেষজ্ঞ (কৃষি)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, ঢাকা-১২০৭
ফোন: ০২-৫৫০০৬৫৪১